



১০ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ

২৪-৩০ জানুয়ারি ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

২৯ জানুয়ারি, ২০১৭

শিশুদের পদচারণায় মুখর শিশু চলচ্চিত্র উৎসব

১০ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশের ৬ষ্ঠ দিন আজ।

আজকের অনুষ্ঠানসূচী:

জাতীয় গ্রন্থাগারের সেমিনার হলে দিনব্যাপী ক্ষুদে নির্মাতাদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় একটি কর্মশালা। এর নির্দেশনায় ছিলেন ভারতের 'ন্যাশনাল ইন অব ডিজাইন' এর অধ্যাপক শেখর মুখার্জী। তিনি কর্মশালায় এনিমেশন চলচ্চিত্র নির্মাণের বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করেন।

উৎসব প্রাঙ্গণ আজ মুখরিত ছিল বিভিন্ন স্কুলের শিশুদের পদচারণায়। উৎসবের স্কুল টিমের নেতৃত্বে আমন্ত্রিত স্কুলগুলো হলো নিউ মডেল বহুমুখী বিদ্যালয়, বিদ্যানন্দ বিদ্যালয়, আমাদের পাঠশালা, এল ডোরোডো ইংলিশ মিডিয়াম স্কুল।

উৎসব কর্তৃপক্ষের আমন্ত্রণে সেন্টার ফর দ্য রিহাবিলিটেশন অব দ্য প্যারালাইজড (সি আর পি) থেকে আগত ১০ জন প্রতিবন্ধী শিশু প্রদর্শনী উপভোগ করে।

আজ 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর আমন্ত্রিত বিদেশী প্রতিনিধিদের সাথে এক আনন্দদায়ক নৈশভোজে অংশগ্রহণ করে ক্ষুদে নির্মাতারা।

উল্লেখ্য, 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর উদ্যোগে আয়োজিত এ উৎসবে সারাদেশে (ঢাকা, রাজশাহী ও রংপুর) মোট ১১টি ভেন্যুতে ৫৪টি দেশের দুই শতাধিক শিশুতোষ চলচ্চিত্র প্রদর্শিত হচ্ছে।

আগামীকালের অনুষ্ঠানসূচী:

আগামীকাল সকালে 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর সভাপতি ড. মুহাম্মদ জাফর ইকবাল ক্ষুদে নির্মাতাদের প্রশংসাপত্র প্রদান করবেন।

বিকাল ৫টায় অনুষ্ঠিত হবে উৎসবের সমাপনী অনুষ্ঠান। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষাবিদ অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। আরও উপস্থিত থাকবেন উৎসবের উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান মুস্তাফা মনোয়ার, 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর সভাপতি ড. মুহাম্মদ জাফর ইকবাল, 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর সাধারণ সম্পাদক মুনیرা মোরশেদ মুনী, 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর প্রতিষ্ঠাতা ও উৎসব উপদেষ্টা মোরশেদুল ইসলাম এবং উৎসব পরিচালক আবীর ফেরদৌস

আগামীকাল প্রদর্শিতব্য চলচ্চিত্রগুলো হলো:

শওকত ওসমান হল:

সকাল ১১টা

এলাইক (ভারত), দ্য উইন্ড সাডেনলি (ইরান), রেইনবো ফিল্ডস (ভারত), আ টেস্ট অব রেজিন (সাইবেরিয়া), হোয়াই ব্যানানা স্মার্ল (রাশিয়া), দ্য লাস্ট র্যাংলার (আয়ারল্যান্ড), আন্ট মার্লান এন্ড দ্য ম্যাজিক সোপ (অস্ট্রেলিয়া), ম্যাটিয়া ক্যান ফ্লাই (ইতালী), ড্যাডো (ভারত), আইজ অন ইউ (ভারত), বাই ওয়ান গোট ওয়ান ফ্রি (ভারত), দাদু (ভারত), মানু রানজান ডেইলি (ভারত)।

দুপুর ২টা

হোয়াট আ ওয়াভারফুল ওয়ার্ল্ড (ভারত), ডিফারেন্ট (ইন্দোনেশিয়া), দ্য গ্রেট এডভেঞ্চার অব ম্যানেল এন্ড দ্য ম্যাজিক টুথপিকস (স্পেন),



Children's Film Society
Bangladesh

House 45, Road 4/A, Flat 3D, Dhanmondi, Dhaka 1209
+880 1711 984 815
festival@cfsbangladesh.org, pr@cfsbangladesh.org

ইউ কান্ট হাইড ফ্রম দ্য ট্রুথ (আমেরিকা), আই এ্যাম সরি (স্লোভাকিয়া), দ্য বিরডাই (রাশিয়া), ব্ল্যাকবোর্ড (ভারত), আগিয়ো (ভারত),
লাইক আ প্যারোট (ভারত), দ্য উইন্ড (ভারত), সুইট ক্যান্ডি (ভারত), সিজনস (ভারত)।

--

মল্লিকা মম

প্রেস এন্ড মিডিয়া টিম,

১০ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ

বিস্তারিত তথ্যাবলী: www.cfsbangladesh.org/festival2017

সকল প্রেস বিজ্ঞপ্তি পেতে: www.cfsbangladesh.org/press-releases